

# মা

মা, তুমি কতো বড় জানো না হয়তো ,  
আকাশ যতোই অসীম হোক  
হোক সাগর গভীর যতো ,  
রাত যতোই আঁধার হোক ,  
সূর্য হোক উত্তপ্ত ,  
তবু কোন কিছুই হয় না বড়ো ,  
মাগো তোমার মতো ।

মা, তোমার কতো মায়া জানো না হয়তো ,  
জোছনার আলো মলীন হয়ে  
করে মাথা নত,  
সবুজ পাতা ছুঁয়ে যায়  
শান্ত নদীর ঢেউ,  
মা তোমার মতো আদর কভু  
করে না তো কেউ ।

মা, তোমার কতো দুঃখ জানো না হয়তো ,  
তুমি কাঁপাল হয়ে বসে থাকো  
পথ পানে চেয়ে,  
তোমায় ছেড়ে চলে গেছে-  
তোমার ছেলে মেয়ে ।  
কস্ট পাও, তবু তুমি বলো না মুখ ফুটে ।  
ইচ্ছে করে মা গো তোমার  
কাছে যাই এক ছুটে ।

(এস, এম, মাহমুদুল হক, নিউ ইয়র্ক , ২০০৮)